(একই স্মারক ও একই তারিখে স্থলাভিষিক্ত)

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।

ফোন-অফিস - ০২-৫৮৮৪৮৫০১
অভিযোগ কেন্দ্র - ০২-৫৮৮৪৮৩৩৬
ই-মেইল ঠিকানা- pbs1pabna@gmail.com
ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০২.০০৮.২৩.৯০১

তারিখঃ ২৯ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ- দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা কর্মী (কাজ নাই মজুরী নাই) নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ইনডোর উপকেন্দ্র এবং সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ''নিরাপত্তা কর্মী'' নিয়োগের নিমিত্তে দৈনিক মজুরী ভিত্তিতে (কাজ নাই মজুরী নাই) ''নিরাপত্তা কর্মী'' পদে নিয়োগের প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম/পদের সংখ্যা	বয়স সীমা	মজুরী	শিক্ষাগত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	নিরাপত্তা কর্মী (দৈনিক মজুরী ভিত্তিতে) ০৮টি (পুরুষদের জন্য সংরক্ষিত)	২৬/০২/২০২৩ খ্রিঃ বয়স সীমা নূন্যতম ১৮ এবং অনুর্ধ্ব ৬৫ বছর।	পবিস সমূহে নিরাপত্তা কর্মীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪,০০.০০ (চারশত) টাকা।	ক) শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী/সমমান পাশ হতে হবে। খ) প্রার্থীর বয়স নূন্যতম ১৮ বছর হতে হবে। গ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা এবং পড়ার নূন্যতম দক্ষতা থাকতে হবে। ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারী সহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	শুধুমাত্র পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার স্থায়ীভাবে বসবাসকারী (চাটমোহর,আটঘরিয়া, ফরিদপুর, ভাঙ্গুড়া, ঈশ্বরদী (আংশিক), পাবনা সদর (আংশিক)) পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন।

অন্যান্য শর্তাবলীঃ

০১। আবেদনকারীগণ পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (pbs1.pabna.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৬/০২/২০২৩ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর বরাবরে ডাকযোগে, সরাসরি হাতে হাতে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সাদা কাগজে টাইপকৃত, ভুল পূরণকৃত এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

০২। নিরাপত্তা কর্মী হিসেবে অনুমতি লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহনযোগ্য নয়) সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন কপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদের কপি, সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ১ কপি ছবি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ও ১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগাতে হবে এবং ১ কপি স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নাম ও পদবী সম্বলিত সীল দ্বারা সকল কাগজপত্র ও ছবি সত্যায়িত হতে হবে;

০৩। নির্বাচিত প্রার্থীকে দৈনিক (কাজ নাই মজুরী নাই) ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা কর্মী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/- (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজারমূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন। নিয়োজিত থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে;

০৪। যে দিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য ৪০০/- (চারশত) টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না;

০৫। অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা কর্মীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে;

০৬। পুলিশ প্রশাসন কর্তৃক প্রাক-পরিচয় যাচাই করতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে ;

০৭। অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে;

০৮। অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে;

০৯। অনুমতিপ্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা কর্মীকে সংশ্লিষ্ট পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১০। প্রার্থীকে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর যে কোন ইনডোর উপকেন্দ্র অথবা সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষে নিরাপত্তা কর্মী হিসেবে নিয়োজিত থাকতে সম্মত হতে হবে।

১১। অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষি হলে তাৎক্ষণিক তার সেবা গ্রহণ বন্ধ করা হবে;

১২। যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে;

১৩। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে তাৎক্ষণিকভাবে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

১৪। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

১৫। বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মুল কপি প্রদর্শন করতে হবে।

১৬। অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতিপত্র প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

12-02-23
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃ অঃ)/ পবিস মানব সম্পদ , বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বিআরইবি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার......................পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/দাশুড়িয়া/আটঘরিয়া/ভাঙ্গুড়া জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৬। এজিএম (ওএন্ডএম), ফরিদপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৭। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/সদস্য-সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), পাবনা পবিস-১।
০৮। এজিএম (আইটি), পাবনা পবিস-১, পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
০৯। নোটিশ বোর্ড, পাবনা পবিস-১।
১০। অফিস কপি/ মাস্টার কপি।

12-02-23
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার